২০১৯-২০২০ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় বিভাগ ভিত্তিক/ সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডি সিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
০১	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	০২	০২	-	-	-	০২	-	-	-

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ২টি।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ কাজে সময়ক্ষেপণ; (৩) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৪) প্রকল্প গ্রহণের সময় সুদুঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩১.	প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদির সকল সম্পত্তি টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্পদ বহিতে লিপিবদ্ধ করা প্রয়োজন।	৩১.	প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদির সকল সম্পত্তি টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্পদ বহিতে লিপিবদ্ধ করতে হবে।
৩.২	প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে ।	৩.২	ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পূর্বেই টিওএন্ডই ভুক্ত করার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।

দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনস্টিটিউটে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

(সমাপ্ত: জুন, ২০২০)

প্রকল্পের মৌলিক তথ্য

প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনস্টিটিউটে অপটিক্যাল ফাইবার কেবল নেটওয়ার্ক স্থাপন প্রকল্প।
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২.১	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)।
৩	প্রকল্পের ধরণ	:	বিনিয়োগ।
৪	অর্থায়নের উৎস	:	জিওবি।
৪.১	উন্নয়ন সহযোগী (যদি থাকে)	:	নাই।

৫. প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				অনুমোদনের তারিখ	বাস্তবায়ন কাল
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য		
মূল	৪৪৯৮.০০	৪৪৯৮.০০	০.০০	০.০০	২১.০৬.২০১৮	০১.০৭.২০১৮ থেকে ৩১.১২.২০১৯
সংশোধিত (১ম)	৪৪৯৮.০০	৪৪৯৮.০০	০.০০	০.০০	০৪.০৩.২০২০	০১.০৭.২০১৮ থেকে ৩০.০৬.২০২০

৬. প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন	সমগ্র বাংলাদেশ
৮টি	৬৪টি	সকল	৫৮৭টি প্রতিষ্ঠান

৭. প্রকল্পের উদ্দেশ্য :

ক) দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় এবং ট্রেনিং ইনস্টিটিউটে অপটিক্যাল ফাইবার কেবল স্থাপন এবং এর মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা সুবিধার আওতায় আনা।

খ) শিক্ষার্থীদের আধুনিক তথ্য প্রযুক্তিতে দক্ষ হওয়ার সুযোগ করে দেওয়া।

৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ:

ক) বাংলাদেশ কেবল শিল্প সংস্থা থেকে অপটিক্যাল ফাইবার ক্যাবল ক্রয়।

খ) ৫৮৭টি সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বিটিসিএল এর PoP (Point of Presence) হতে শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন।

গ) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে রাউটার, একসেস পয়েন্ট (AP), ইউপিএস ও ওডিএফ স্থাপন।

৯. অঙ্গভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

ক্র নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	প্রকৃত ব্যয়
০১	০২	০৩	০৪	০৫
			আর্থিক	আর্থিক
			জিওবি	মোট
১	(ক) জনবল:	ব্লক		
২	আবর্তক ব্যয় (প্রশাসনিক ব্যয়)	ব্লক		
	ক). যানবাহন ভাড়া, ব্যান্ডউইথ খরচ ও যাতায়াত ব্যয় (টিএ বিল ও অন্যান্য ভাতাদি)।	ব্লক	৭০৬.২৫	৭০৫.১১
	খ) ষ্টেশনারী, আপ্যায়ন, অনিয়মিত শ্রমিক, সম্মানী ভাতা, অনুলিপি ও কম্পিউটার এক্সেসরিস।	ব্লক	১০১.২৫	৬৬.৯৪
৩	মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন	লট	৪৯.৯১	৪৯.৮১
৪	ব্লক এলোকেশণ	লট	০.০০	০.০০
উপমোট (রাজস্ব)			৮৫৭.৪১	৮২১.৮৬
৫	(খ) মূলধন:			
	ক). অফিস সরঞ্জাম	ব্লক	৪.৪৫	৪.৩৯
	খ). যন্ত্রপাতি সংগ্রহ ওএসপি কাজ স্থানীয় মূদ্রায় (ওভারহেড কেবল, আন্ডারগ্রাউন্ড কেবল, টাওয়ার ও রেডিও, ইকুইপমেন্ট, ১ বছরের সার্ভিস ওয়ারেন্টি, ব্যালানসিং যন্ত্রপাতি ইত্যাদি)।	ব্লক	৩৬৩৬.১৪	৩৬৩৫.৮৫
৬	সিডি ভ্যাট এবং আমদানীকৃত মালামালের উপর অন্যান্য শুল্ক।	ব্লক	০.০০	০.০০
৭	মূলধন থোক ও বিবিধ মূলধন স্থানীয়		০.০০	০.০০
উপমোট (মূলধন)			৩৬৪০.৫৯	৩৬৪০.২৫
	(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি।		০.০০	০.০০
	(ঘ) প্রাইস কনটিনজেন্সি।		০.০০	০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)			৪৪৯৮.০০	৪৪৬২.১১

১০. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় হিসাব :

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থ ছাড়	প্রকৃত ব্যয়
২০১৮-২০১৯	৪৪৯৮.০০	১৯০৫.০০	১৯০৫.০০	১৮৮৬.২৮
২০১৯-২০২০	৪৪৯৮.০০	২৬১১.৫২	২৬১১.৫২	২৫৭৫.৮৩

১১. ডিপিপি/টিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৩টি (পণ্য প্যাকেজ ২টি এর লট ৪টি, কর্ম প্যাকেজ ১টি এর লট ৩টি)

১২. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য : প্রযোজ্য নয়।

১৩. মূল ডিপিপি এবং প্রকৃত ব্যয়ের অংগভিত্তিক তুলনা:

(লক্ষ টাকায়)

অংগের নাম	মূল অনুমোদিত ডিপিপি	প্রকৃত অর্জন	পার্থক্য
	ব্যয়	ব্যয়	ব্যয়
	মোট	মোট	মোট
১	২	৪	৬
(ক) জনবল:			
আবর্তক ব্যয় (প্রশাসনিক ব্যয়)			
ক). যানবাহন ভাড়া, ব্যান্ডউইথ খরচ ও যাতায়াত ব্যয় (টিএ বিল ও অন্যান্য ভাতাদি)।	৭০৬.২৫	৭০৫.১১	১.১৪
খ) ষ্টেশনারী, আপ্যায়ন, অনিয়মিত শ্রমিক, সম্মানী ভাতা, অনুলিপি ও কম্পিউটার এক্সেসরিস।	১০১.২৫	৬৬.৯৪	৩৪.৩১
মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন	৪৯.৯১	৪৯.৮১	০.১০
ব্লক এলোকেশণ	০.০০	০.০০	০.০০
উপমোট (রাজস্ব)	৮৫৭.৪১	৮২১.৮৬	৩৫.৫৫
খ) মূলধন			
ক) অফিস সরঞ্জাম	৪.৪৫	৪.৩৯	০.০৬
খ) যন্ত্রপাতি সংগ্রহ ওএসপি কাজ স্থানীয় মুদ্রায় (ওভারহেড কেবল, আন্ডারগ্রাউন্ড কেবল, টাওয়ার ও রেডিও, ইকুইপমেন্ট, ১ বছরের সার্ভিস ওয়ারেন্টি, ব্যালানসিং যন্ত্রপাতি ইত্যাদি)।	৩৬৩৬.১৪	৩৬৩৫.৮৫	০.২৯
সিডি ভ্যাট এবং আমদানীকৃত মালামালের উপর অন্যান্য শুল্ক	০.০০	০.০০	০.০০
মূলধন থোক ও বিধিক মূলধন স্থানীয়	০.০০	০.০০	০.০০
উপমোট (মুলধন)	৩৬৪০.৫৯	৩৬৪০.২৫	০.৩৫
গ) ফিজিক্যাল কনটিনজেন্সি	০.০০	০.০০	০.০০
ঘ) প্রাইস কনটিনজেন্সি	০.০০	০.০০	০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ)	৪৪৯৮.০০	৪৪৬২.১১	৩৫.৮৯

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

প্রকল্প পরিচালক এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মোঃ আমিনুর রহমান	বিটিসিএল, কেন্দ্রীয় কার্যালয়, মূখ্য মহা-ব্যবস্থাপক	২৮.০৮.২০১৮ থেকে ৩০.০৬.২০২০	অতিরিক্ত	না	--

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৫. পরিদর্শনকৃত এলাকা:

দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনস্টিটিউট অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প অফিস ঢাকাস্থ পরিবাগের বিটিসিএল অফিস পরিদর্শন করা হয়। সে সাথে মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জের কিছু শিক্ষা প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করা হয়।

১৬. পরিদর্শনকারী কর্মকর্তার নাম :

গত ০৫/০৯/২০২১ তারিখে জনাব এস, এম মাহবুবুল হক সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সেক্টর-৭ কর্তৃক মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জস্থ প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক (প্রাক্তন) জনাব মোঃ আমিনুর রহমান, উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ মাহবুবুর রহমান ও পরিদর্শনকৃত কলেজ/বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ব্যক্তিগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সকলের সাথে প্রকল্প বাস্তবায়ন ও বর্তমান অবস্থা বিষয়ে আলোচনা হয়।

১৭. (ক) মুন্সিগঞ্জ :

১. পলিটেকনিক ট্রেনিং ইনস্টিটিউট, উত্তর ইসলামপুর ২. সরকারী মহিলা কলেজ, মধ্যকোটগাও ৩. মুন্সিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, মিরকাদিম, ৪. সরকারী টেকনিকাল স্কুল এন্ড কলেজ, দর্গাবাড়ী।

এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে এই প্রকল্প হতে স্থাপিত যন্ত্রপাতি ও ইন্টারনেট লাইন সচল পাওয়া যায়। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের সাথে আলোচনা হয়। তারা জানান যে, এই ইন্টারনেট সংযোগের ফলে তারা করোনাকালীন পরিস্থিতিতে জুমা মিটিং ও পাঠদান কার্যক্রম চলমান রাখতে পেরেছেন। এই ব্যবস্থার পাওয়ায় তারা সন্তোষ প্রকাশ করেছেন এবং বিটিসিএল-এর স্থানীয় অফিসের সহযোগীতা কামনা করেছেন। বিটিসিএল ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত MOU এর কপি তারা পাননি যে কারণে এর ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের বিষয়টি পরিস্কার নয় মর্মে জানান।

(খ) নারায়ণগঞ্জ :

১. নারায়নগঞ্জ সরকারী মহিলা কলেজ ২. সরকারী হরগঙ্গা কলেজ, মাঠপাড়া ৩. সরকারী তোলারাম কলেজ।

এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শনকালে এই প্রকল্প হতে স্থাপিত যন্ত্রপাতি ও ইন্টারনেট লাইন সচল পাওয়া যায়। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের সাথে আলোচনা হয়। তারা জানান যে, এই ইন্টারনেট সংযোগের ফলে তারা করোনাকালীন পরিস্থিতিতে জুমা মিটিং ও পাঠদান কার্যক্রম চলমান রাখতে পেরেছেন। এই ব্যবস্থার পাওয়ায় তারা সন্তোষ প্রকাশ করেছেন এবং বিটিসিএল-এর স্থানীয় অফিসের সহযোগীতা কামনা করেছেন। বিটিসিএল ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে সম্পাদিত MOU এর কপি তারা পাননি। MOU এর কপি দেয়ার জন্য অনুরোদ করেছেন। MOU এর প্রদত্ত শর্ত মতে কার্যক্রম গ্রহণ করবে মর্মে আশা ব্যক্ত করেন।

১৮. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১৯. পূর্বে পরিদর্শনের বিবরণ:

ক্রমিক নং	পরিদর্শনের তারিখ	প্রণীত প্রতিবেদনের সুপারিশ	গৃহীত ব্যবস্থা
১	জনাব রফিকুল আলম, পরিচালক, আইএমইডি। ২১/১০/২০১৮	প্রকল্প অনুমোদন, প্রকল্প পরিচালক নিয়োগ, অর্থছাড়, ক্রয় পরিকল্পনা সময়মত হওয়া প্রয়োজন। প্রকল্পের কাজ ত্বরান্বিত হওয়া প্রয়োজন।	সুপারিশসমূহ বাস্তবায়নের যথাযথ উদ্যোগ গ্রহণ করা হয়।

২০. সার্বিক মূল্যায়ন :

দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনস্টিটিউটে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক স্থাপন শীর্ষক প্রকল্পটি মোট প্রাক্কলিত ব্যয় ৪৪৯৮.০০ লক্ষ টাকা ধরে জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০১৯ মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তিতে প্রকল্পটি ১ম সংশোধিত হয়ে এর মোট প্রাক্কলিত ব্যয় অপরিবর্তিত রেখে অর্থাৎ ৪৪৯৮.০০ লক্ষ টাকা আন্ত:অঙ্গ সমন্বয়পূর্বক

মেয়াদকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি পায়। প্রকল্পটির বিপরীতে প্রি-এপ্রেইজাল/সম্ভাব্যতা সমীক্ষা/প্রাক বিনিয়োগ সমীক্ষা করা হয়নি। এ বিষয়ে ডিপিপিতে বলা হয়েছে যে স্বল্পতম সময়ের মধ্যে ডিপিপি প্রণয়নের নির্দেশনা থাকায় প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করা হয়নি। এই প্রকল্পে জনবল নিয়োগ সংক্রান্ত অর্থ বিভাগের কোন সম্মতি প্রকল্প দলিতে পাওয়া গেল না। প্রকল্প দলিলে প্রকল্পের জনবল কাঠামোতে বিটিসিএলের জনবল অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত থেকে প্রকল্প বাস্তবায়নে দায়িত্ব পালন করবেন মর্মে উল্লেখ আছে। এই প্রকল্পে মোট ৯ জন অতিরিক্ত দায়িত্বে কাজ করেছেন। প্রকল্পের আওতায় ক্রয়ের জন্য যন্ত্রপাতি ও মালামালের মূল্য নির্ধারণ সংক্রান্ত কমিটি গঠন করা হয়। তা ছাড়া যন্ত্রপাতির স্পেসিফিকেশন নির্ধারণের জন্য কমিটি গঠন করা আছে। মূল প্রকল্পের দলিলে পণ্য ক্রয় প্যাকেজের আওতায় ২টি প্যাকেজ ও কার্য প্যাকেজের ১টি প্যাকেজ দেখানো হয়েছে। অপরদিকে ১ম সংশোধিত প্রকল্পের দলিলে পণ্য প্যাকেজের ২টি প্যাকেজে ৪টি লট এবং কার্য ক্ষেত্রে ১টি প্যাকেজের আওতায় ৩টি লট দেখানো হয়েছে। এই প্রকল্পের আওতায় মূল প্রকল্প দলিলে ৫৮৭টি সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয়ে কেবল নেটওয়ার্ক স্থাপনের জন্য নির্ধারিত ছিল। পরবর্তিতে সংশোধিত ডিপিপিতে ১০ কলেজ বিয়োজন করে নতুন ১০টি ট্রেনিং স্কুল সংযোগ করা হয়েছে। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে এই প্রকল্পের আওতায় স্থানীয় অপটিক্যাল ফাইবার ক্যাবলসহ রাউটার, ওয়াইফাই যন্ত্রপাতি রক্ষানবেক্ষণ এবং ইন্টানেট (ব্রান্ডউইথ) ভাড়া পরিশোধের জন্য ৭টি মন্ত্রণালয়/বিভাগের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। মন্ত্রণালয়/বিভাগ গুলো হল (১) কৃষি মন্ত্রণালয় (২) প্রতিরক্ষা মন্ত্রণালয় (৩) বস্ত্র ও পাট মন্ত্রণালয় (৪) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ (৫) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও (৬) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (৭) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। সমঝোতা স্মারক অনুসারে দেখা যায় যে প্রকল্পটি সমাপ্ত হওয়ার পরে বিটিসিএল –এর আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের দক্ষ জনবল দ্বারা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবলসমূহ রক্ষণাবেক্ষণ করা হবে।

উক্ত ক্যাবলের মালিকানা বিটিসিএল-এর থাকবে। অপরদিকে Provisional Acceptance Test (PAT) সম্পাদিত করার পরে স্থাপিত যন্ত্রপাতির একটি তালিকা প্রকল্প কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট হস্তান্তর করা হবে এবং শিক্ষা প্রতিষ্ঠান উক্ত যন্ত্রপাতির মালিকানা প্রাপ্ত হবেন। তাছাড়া প্রকল্প হতে সংস্থাপিত যন্ত্রপাতি ও অন্যান্য আইটেমসমূহ প্রতিষ্ঠানের স্থায়ী মালামাল রেজিষ্টারে লিপিবদ্ধ করা প্রয়োজন। প্রকল্পের আওতায় যন্ত্রপাতি স্থাপন ও কমিশনিং হওযার পর প্রকল্প দপ্তর কর্তৃক Provisional Acceptance Test (PAT) সম্পাদিত হওয়ার পরিপ্রেক্ষিতে বিটিসিএল কর্তৃক Provisional Acceptance Certificate (PAC) ইস্যু করা হবে। PAC ইস্যুর পর ১ (এক) বছর Warranty Period হিসেবে গণ্য করা হবে। PAC ইস্যু করার পর বিটিসিএল কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপিত যন্ত্রপাতিসমূহের মালিকানা বুঝিয়ে দেয়া হবে। PAC জারীর পরবর্তী ১ (এক) বছর যন্ত্রপাতিসমূহের রক্ষণাবেক্ষণ কাজ সংশ্লিষ্ট ঠিকাদারের মাধ্যমে প্রকল্প/বিটিসিএল কর্তৃক সম্পাদন করা হবে। এ প্রকল্পের আওতায় সকল সাইটের কাজের Final Acceptance Test (FAT) এর জন্য কমিটি গঠন করা হয়েছে। পরবর্তীতে Final Acceptance Certificate (FAC) প্রদানের বিষয়ে সুস্পষ্ট মতামত সহকারে ঐ কমিটি প্রতিবেদন দাখিল করবেন। প্রকল্প অফিস হতে ৫৮৭টি শিক্ষা প্রতিষ্ঠানের সিজিএস/অঞ্চল ভিত্তিক তালিকা প্রস্তুতপূর্বক বিটিসিএল এর নিকট প্রেরণ করা হয়েছে।

২১. ক্রয় পর্যালোচনা :

প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪৪৯৮.০০ লক্ষ টাকা। সংশোধিত ডিপিপি মতে পণ্য প্যাকেজে ২টি প্যাকেজের আওতায় ৪টি লটে ক্রয় কার্য সম্পাদিত হয়। ১নং লটের অপটিক্যাল ক্যাবল ডিপিএম পদ্ধতিতে ক্রয় করা হয়। আবার ৩টি লট OTM পদ্ধতিতে ক্রয় করা হয়। কার্য প্যাকেজে ১টি প্যাকেজে ৩টি লটে ক্রয় করা হয়। সে ক্ষেত্রে সকল কিছুই OTM পদ্ধতিতে ধরা আছে। ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়। ক্রয় ক্ষেত্রে বাজার মূল্যায়ন কমিটি, দরপত্র মূল্যায়ন কমিটি, মালামাল রিসিভ কমিটি ও কারিগরি কমিটি গঠন করা হয়। দরপত্র জাতীয় ২টি দৈনিক পত্রিকায় ছাপানো হয়েছে। ইজিপি ক্রয়ের উদ্দেশ্যে সিপিটিইউ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রকল্প দলিলে বর্নিত প্যাজে ভেঙ্গে কোন ক্রয় কার্য সম্পাদিত হয়নি মর্মে প্রকল্প পরিচালক জানান। চুক্তি অনুযায়ি মালামাল সরবরাহকারী কর্তৃক প্রকল্প সমাপ্তির পূর্ব পর্যন্ত মালামাল সরবরাহকারী কর্তৃক সেবা প্রদান করবে। শিক্ষা প্রতিষ্ঠানের যন্ত্রপাতিসমূহ স্থাপন করে Wi-Fi চালু হবার পর (১৬ ষোল) মাসের জন্য প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ২০ এমবিপিএস ব্যান্ডউইথ ব্যবহারের ভাড়া বাদ (ভ্যাটসহ) ১,০০,৮০০.০০ টাকা প্রকল্প থেকে বিটিসিএলকে পরিশোধ করা হয়েছে। ব্যান্ডউইডথের ভাড়া হ্রাস পেলে পরিশোধিত ১,০০,৮০০.০০ টাকা ঠিক

রেখে ব্যান্ডউইডথ/সময় বাড়িয়ে সমন্বয় করা হবে। তাছাড়া প্রতিটি প্রতিষ্ঠানের সংযোগ ফি বাবদ (ভ্যাটসহ) ৫০০০×১.০৫=৬২৫০/- টাকা প্রকল্প হতে বিটিসিএলকে পরিশোধ করা হয়েছে। সর্বমোট প্রতিটি প্রতিষ্ঠানের জন্য ১,০৬,০৪০/- টাকা বিটিসিএলকে পরিশোধ করা হয়েছে। সে মতে সংশোধিত ডিপিপি অনুসারে ৫৮৭ শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিটিকে ২০ (বিশ) এমবিপিএস হারে ১ বছর ৪ মাস এর জন্য মোট ৬,২২,৫১,৩৫০/- (ছয় কোটি বাইশ লক্ষ একান্ন হাজার তিনশত পঞ্চাশ টাকা) বিটিসিএলকে পরিশোধ করা হয়।

২২. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহ্বানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
গুডস:					
১) প্যাকেজ-২ (ইকুইপমেন্ট পার্ট, লট-১, মোট ১৭৮টি সাইট, ঢাকা ও ময়মনসিংহ বিভাগ)। টা: ৪৫২.০০	১৭/০৯/২০১৮, ০৮/০২/২০১৯	১৮/০৪/২০১৯ ৪১১.৬৪	৩০/০৬/২০২০	১৭/০৬/২০২০	--
২) প্যাকেজ-২ (ইকুইপমেন্ট পার্ট, লট-২, মোট ২৩৫টি সাইট, বরিশাল, চট্টগ্রাম ও খুলনা বিভাগ)। টা: ৫৮৮.০০	১৭/০৯/২০১৮, ০৮/০২/২০১৯	১৮/০৪/২০১৯ ৫১৮.৬৮	৩০/০৬/২০২০	২৯/০৬/২০২০	--
৩) প্যাকেজ-২ (ইকুইপমেন্ট পার্ট, লট-৩, মোট ১৭৪টি সাইট, রাজশাহী, রংপুর ও সিলেট বিভাগ)। টা: ৪৪২.০০	১৭/০৯/২০১৮, ২৪/১০/২০১৮	৩১/০১/২০১৯ ৪৬৯.৪৭ প্রাক্কলিত মূল্যের চেয়ে ৬% বেশী (মূল্যায়ন কমিটির সুপারিশের প্রেক্ষিতে)।	৩০/০৬/২০২০	১২/০৫/২০২০	
৪) বিসিএস, খুলনা থেকে ক্যাবল ক্রয়। টা: ৬৯২.৯১	ডিপিএম	২৯/১১/২০১৮, ৬৮৮.৭৬	জানুয়ারি'২০২০	জানুয়ারি'২০২০	--
ওয়ার্কস:					
৫) প্যাকেজ-১, (ওএসপি কাজ, লট-১, মোট ১৭৮টি সাইট, ঢাকা ও ময়মনসিংহ বিভাগ)।) টা: ৫৪০.০০	১৪/০৮/২০১৮, ১৪/০১/২০১৯	২৫/০৩/২০১৯ ৪৮৬.০৫	৩০/০৬/২০২০	০২/০৬/২০২০	--
৬) প্যাকেজ-১, (ওএসপি কাজ লট-২, মোট ২৩৫টি সাইট, বরিশাল, চট্টগ্রাম ও খুলনা বিভাগ)। টা: ৬০১.০০	১৪/০৮/২০১৮, ১৪/০১/২০১৯	২৫/০৩/২০১৯ ৫৪০.৭৪	৩০/০৬/২০২০	১৮/০৬/২০২০	--
৭) প্যাকেজ-১ (ওএসপি কাজ, লট-৩, মোট ১৭৪টি সাইট, রাজশাহী, রংপুর ও সিলেট বিভাগ)। টা: ৩৫৯.০০	১৪/০৮/২০১৮, ১৪/০১/২০১৯	২৫/০৩/২০১৯ ৩৫৮.৪৩	৩০/০৬/২০২০	২৩/০৪/২০২০	--

২৩. অডিট অধিদপ্তর কর্তৃক সম্পাদিত অডিট:

সময়	অডিট প্রতিবেদন দাখিলের সময়	প্রধান প্রধান ফাইন্ডংস	আপত্তি জবাব
২০১৮-২০১৯	২৫/১০/২০২০	সম্মানী ভাতা বাবদ অনিয়মিতভাবে ১,৩৫,৫০০/- টাকা ব্যয়।	মন্ত্রণালয়ের মাধ্যমে জবাব প্রদান করা হয়েছে। বর্তমানে অডিট অফিসে প্রক্রিয়াধীন আছে।
২০১৯-২০২০	এখনও অডিট হয়নি।		

২৪. পিআইসি/স্টিয়ারিং সভা সংক্রান্ত:

২৪.১ পিআইসি:

অর্থ বছর	ডিপিপি অনুযায়ী	অনুষ্ঠিত সভা	মন্তব্য
২০১৮-২০১৯	৩টি	২টি	ডিপিপি অনুসারে বছরে ৩টি হিসেবে মোট ৬টি সভা করার জন্য নির্ধারিত আছে। ৬টি সভা করা হয়েছে।
২০১৯-২০২০	৩টি	৪টি	

২৪.২ স্টিয়ারিং:

অর্থ বছর	ডিপিপি অনুযায়ী	অনুষ্ঠিত সভা	মন্তব্য
২০১৮-২০১৯	৩টি	২টি	ডিপিপি অনুসারে বছরে ৩টি মোট ৬টি সভা করার জন্য নির্ধারিত আছে। ৬টি সভা করা হয়েছে।
২০১৯-২০২০	৩টি	৪টি	

২৫. সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা সংক্রান্ত:

সভার তারিখ	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১০/০৬/২০২০খ্রিঃ	ক) ৩০ শে জুনের মধ্যে প্রকল্পের যাবতীয় কার্যক্রম সমাপ্ত করে প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে। খ) প্রকল্পের আওতায় স্থাপিত ওএফসি এবং যন্ত্রপাতি সমূহের রক্ষণাবেক্ষণ ও ব্যান্ডউইডথ ভাড়া পরিশোধর জন্য ৭টি মন্ত্রণালয়/বিভাগের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।	ক) কাজ সম্পন্ন হয়েছে এবং কার্যসমাপ্তির প্রতিবেদন প্রেরণ করতে হয়েছে। খ) ৭টি মন্ত্রণালয়/বিভাগের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

২৬. প্রকল্পের জনবল সংক্রান্ত তথ্য:

ডিপিপি অনুযায়ী	প্রকল্প বাস্তবায়নকাল
কর্মকর্তা: ০৬ (অতিরিক্ত দায়িত্বে) ষ্টাফ: ০৩	কর্মকর্তা: ০৭ (অতিরিক্ত দায়িত্বে) ষ্টাফ:

এই প্রকল্পের পদ/জনবল নির্ধারণ সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের কমিটি কর্তৃক সুপারিশ নেয়া হয়নি।

২৭. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
উচ্চগতির ইন্টারনেট সংযোগ এর মাধ্যমে ছাত্র ছাত্রীদের বৈশ্বিক জ্ঞানভান্ডারে প্রদানের সুযোগ করে দেওয়া।	COVID-19 কালীন অত্র প্রকল্পের আওতায় সংযোগকৃত ইন্টারনেটের সাহায্যে On Line Class এর মাধ্যমে ছাত্রছাত্রীদের লেখাপড়া চালু রাখা সম্ভব হয়েছে।

২৮. মন্ত্রণালয় কর্তৃক পরিবীক্ষণ সংক্রান্ত:

ক্রমিক নং	পরিদর্শনের তারিখ	প্রণীত প্রতিবেদনের সুপারিশসহ	গৃহীত ব্যবস্থা
১	জনাব মোস্তফা জব্বার, মাননীয় মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। ১৮/১১/২০১৯খ্রিঃ।	WiFi নেটওয়ার্ক বর্ধিতকরণ প্রয়োজন। যথেষ্ট পরিমানে ব্যান্ড উইডথ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ক্যাপাসিটি বর্ধিত করণের ব্যবস্থা রাখা হয়েছে।
২	জনাব অশোক কুমার বিশ্বাস, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। ২১/১১/২০১৯খ্রিঃ।	প্রকল্প বাস্তবায়ন কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।	সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হয়েছে।
৩	জনাব মোঃ নূর-উর-রহমান, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। ২৭/০২/২০২০খ্রিঃ।	WiFi অবশিষ্ট প্রতিষ্ঠানসমূহে দ্রুত সংযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ঠ ব্যক্তিকে প্রশিক্ষণ দিতে হবে।	সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২৯. ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির কারণ :

প্রকল্পের মেয়াদ শুরুর প্রায় ০২ (দুই) মাস পরে প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। রিটেন্ডার প্রক্রিয়ার জন্য আরও প্রায় ০৩ (তিন) মাস বিলম্ব হয়। বর্ষাকাল, দুই ঈদের ছুটি এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলির যথাযথ সহযোগিতা না পাওয়ার কারণে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০৬ (ছয়) মাস বৃদ্ধির প্রয়োজন হয়।

৩০. প্রকল্প সংশোধনের কারণ :

১০ (দশ) টি মেডিক্যাল কলেজ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রকল্পের আওতায় ইন্টারনেট ব্রডব্যান্ড সুবিধা প্রাপ্ত হওয়ায় এগুলি তালিকা থেকে বাদ দেওয়ার প্রয়োজনীয়তা দেখা দেয়। এর পরিবর্তে ০৬ (ছয়) টি মেডিক্যাল এসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) এবং বিশেষ গুরুত্ব বিবেচনায় ০৪ (চার) টি প্রতিষ্ঠান যথা: ১) শেখ হাসিনা ইউনিভার্সিটি নেত্রকোণা সদর। ২) হাজী আলী আকবর ইউনিভার্সিটি কলেজ, খালিয়াজুড়ি। ৩) তেলিগাতী সরকারি কলেজ, আটপাড়া। ৪) কেন্দুয়া সরকারি কলেজ অর্থাৎ ১০টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সুবিধার জন্য বিবেচনা করা হয়। এরই পরিপ্রেক্ষিতে ২৬/১১/২০১৯খ্রিঃ তারিখে স্টিয়ারিং কমিটির সভায় ডিপিপি সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয় ও পরবর্তীতে ২৪/০৩/২০২০খ্রিঃ তারিখে ডিপিপি সংশোধন করা হয়।

৩১. প্রকল্প বাস্তবায়নে বাধা/সমস্যা :

১) প্রকল্পে সমস্ত জনবল অতিরিক্ত দায়িত্বে থাকার জন্য প্রকল্পের সার্বক্ষনিক কাজ করা সম্ভব হয় নাই।

২) ডিপিপিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ক্ষতিপূরণের সংস্থান না রাখার জন্য রাস্তা কাটা ও পোল স্থাপনসহ বিভিন্ন কাজে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়।

৩) COVID-19 কারণে প্রকল্পে কাজ কিছুটা বিলম্ব হয়।

৩২. সমঝোতা স্মারক :

দেশের সকল সরকারী কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনষ্টিটিউট অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক স্থাপন শীর্ষক প্রকল্প এর আওতায় স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যবলসহ রাউটার, ওয়াইফাই যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং ইন্টারনেট (ব্রান্ডউইথ) ভাড়া পরিশোধের জন্য ৭টি মন্ত্রণালয়/বিভাগের সাথে বিটিসিএল সমঝোতা স্মারক করেছেন। সমঝোতা স্মারকে প্রদত্ত শর্তাবলী অনুসরণ করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ পত্র প্রেরণ করা প্রয়োজন।

৩৩. সম্পদ বহি ও রক্ষণাবেক্ষণ :


সমঝোতা স্মারক অনুসারে প্রকল্প কর্তৃক সংস্থাপিত যন্তপাতি যাতে চুরি বা নষ্ট না হয় সে জন্য সতর্কতামূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্প হতে সংস্থাপিত যন্ত্রপাতি ও অন্যান্য আইটেমসমূহ প্রতিষ্ঠানের মালামাল রেজিষ্টারে লিপিবদ্ধ করবে। বিটিসিএল কর্তৃপক্ষ তাদের সম্পদ বহিতে এই যন্ত্রপাতিসমূহ লিপিবদ্ধ করবে।

৩৪. সুবিধাভোগীদের মতামত :

ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা সুবিধার আওতায় শিক্ষার্থীদের আধুনিক ও উচ্চগতির ইন্টারনেট সুবিধা আওতায় আনা। সে আলোকে শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে আলোচনায় জানায় যে, এই কোভিড-১৯ সময়ে এই ব্রডব্যান্ড ব্যবহার করে শিক্ষার্থীদের সাথে অনলইন জুম মিটিং ও পাঠদান করা গেছে। এই সুবিধা পাওয়ায় পরিদর্শনকৃত প্রকল্প এলাকার কর্তৃপক্ষ সন্তোষ প্রকাশ করেন।

৩৫. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র :






৩৬. সুপারিশ/মতামত :

৩৬.১। এই প্রকল্পের আওতায় বিটিসিএল কর্তৃক সকল সাইটের জন্য গঠিত কমিটি চুক্তি ও বিনির্দেশ মোতাবেক Final Acceptance Test (FAT) সম্প্রদানপূর্বক দ্রুত জমা প্রদানের ব্যবস্থা নিতে হবে। স্বাক্ষরীত MOU এর কপি সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিকট প্রেরণপূর্বক প্রদত্ত শর্তাবলী পালনের ব্যবস্থা নিতে অনুরোধ করতে হবে।

৩৬.২। MOU এর শর্ত মতে প্রকল্প সমাপ্তির পরে বিটিসিএলের আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের জনবল দ্বারা শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবলসমূহ রক্ষণাবেক্ষণ করবে এবং ক্যাবলের মালিকানা বিটিসিএলের হবে। সে লক্ষ্যে সকল অপটিক্যাল ফাইবার ক্যাবলসমূহ বিটিসিএলের সম্পদ বহিতে সংরক্ষণ করতে হবে। বিভাগীয়/আঞ্চলিত পর্যায়ে এই সম্পদ রেজিস্টারভুক্ত করতে হবে।

৩৬.৩। প্রকল্প কর্তৃক সংস্থাপিত যন্ত্রপাতি যাতে চুরি বা নষ্ট না হয় এবং সংস্থাপিত যন্ত্রপাতি ও অন্যান্য আইটেমসমূহ প্রতিষ্ঠানের স্থায়ী মালামাল রেজিষ্টারে লিপিবদ্ধ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অনুরোধ পত্র দেয়া প্রয়োজন।

৩৬.৪। ২০১৮-২০১৯ অর্থ বছরের অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি করতে হবে এবং ২০১৯-২০২০ অর্থবছরের অডিট কার্য সম্পাদনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক সংস্থা ও মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল।

৩৬.৫। এই সমাপ্ত প্রকল্পের ধারাবাহিকতায় নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে ডিপিপিতে পূর্বে সকল তথ্যের একটি সংক্ষিপ্ত বিবরণ ও সম্পদের তালিকা সংযোজন করা আবশ্যক এবং প্রি-এপ্রেইজাল/ফিজিবিলিটি স্ট্যাডি করা প্রয়োজন।

৩৬.৬। উপরোক্ত সুপারিশ/মতামত এর বিষয়ে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়ণ সংস্থা কর্তৃক আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আইএমই বিভাগেকে অবহিত করতে হবে।

সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স **শীর্ষক প্রকল্পের** সমাপ্তি **মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

প্রকল্পের মৌলিক তথ্য

১	**প্রকল্পের নাম**	:	সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প
২	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২.১	**বাস্তবায়নকারী সংস্থা**	:	টেলিযোগাযোগ অধিদপ্তর
৩	**প্রকল্পের ধরণ**	:	বিনিয়োগ
৪	**অর্থায়নের উৎস**	:	জিওবি
৪.১	**উন্নয়ন সহযোগী**	:	প্রযোজ্য নয়

৫. (ক) **প্রকল্পব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:**

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়		অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল
	মোট	জিওবি		
মূল	১৪৯৫২.৩৯	১৪৯৫২.৩৯	১৯.০৪.২০১৭	ডিসেম্বর-২০১৬ থেকে মে ২০১৮
সংশোধিত (১ম)	১৪৯৫২.৩৯	১৪৯৫২.৩৯	১৩.১১.২০১৮	ডিসেম্বর-২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯

৬. প্রকল্প এলাকা: সমগ্র বাংলাদেশ, (দেশের সকল International Internet Gateway (IIG) এবং National Internet Exchange (NIX) স্থাপনায় যন্ত্রপাতি সংস্থাপনের মাধ্যমে দেশের জনগণকে সুবিধা প্রদান করা হচ্ছে)।

৭. প্রকল্পের উদ্দেশ্য

* সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি মনিটরিং;

* দেশের সকল IIGএবং NIX-এ যন্ত্রপাতি সংস্থাপনের মাধ্যমে সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি সনাক্তকরণ এবং সরকারি নীতিমালা অনুযায়ী তা ফিল্টারিং এর ব্যবস্থা গ্রহণ;

* সাইবার অপরাধ হ্রাসে সহায়ক ভূমিকা পালন;

* দেশের সামাজিক নীতি ও মূল্যবোধের সংগে সামঞ্জস্যপূর্ণ নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা সুনিশ্চিত করায় ভূমিকা রাখা।

৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ

- দেশের চালু ২৮টি IIG ও ৩টি NIX- এ সাইবার থ্রেট ডিটেকশন ও রেসপন্স সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন;
- টেলিযোগাযোগ অধিদপ্তরে Central Control Systemস্থাপন;

- আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ (LEA's), গোয়েন্দা সংস্থা এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ BTRC-কে Monitoring এর সুবিধা প্রদান;
- সাইবার থ্রেট ডিটেকশন ও রেসপন্স সংক্রান্ত ফিল্ডে দক্ষ জনবল তৈরীর জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা।

৯. অঙ্গ ভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

ক্র/নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত খরচ	
০১	০২	০৩	০৪		০৫	
(ক) রাজস্ব:						
			বাস্তব (পরিমাণ)	আর্থিক	বাস্তব (পরিমাণ)	আর্থিক
				জিওবি	জিওবি	জিওবি
	কর্মকর্তাবৃন্দের বেতন	সংখ্যা		০.০০		
	কর্মচারীদের বেতন	সংখ্যা		০.০০		
	ভাতাদি	সংখ্যা		০.০০		
	সরবরাহ ও সেবা	লট		৫২৩.১৯		৩২৩.১৫
	মেরামত, রক্ষণাবেক্ষন ও পূর্ণবাসন	লট		৯৩.২৪		৮৫.১২
উপমোট (রাজস্ব)				৬১৬.৪৩		৪০৮.২৭
(খ) মূলধন:						
	যন্ত্রপাতি (ইক্যুপমেন্টস)			১২৫৯২.৬৬ (১১১৭৬.৩৩)		১২৫৫৭.৮০
	গাড়ী, অফিস ইক্যুপমেন্ট ও স্থানীয় ক্রয়	লট		৩০৯.৩৬		২৯৮.৩৯
	নির্মাণকাজ	লট		৬৯৬.৭৯		৬৬৫.৮৫
	আমদানীশূল্ক ও ভ্যাট	-		১০১১.১৫		৯৫০.৫৭
	ট্রান্সমিশনমিডিয়া, ব্রান্ডউইড্থ লিজ ও বৈদ্যুতিক ব্যয়			৬৯১.২২		৬৯১.২২
উপমোট (মূলধন)				১৫৩০১.১৮ (১১১৭৬.৩৩)		১৫১৬৩.৮৩
(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি				--		---
(ঘ) প্রাইস কনটিনজেন্সি				--		---
সর্বমোট (ক+ক+গ+ঘ):				১৫৯১৭.৬১ (১১১৭৬.৩৩)		১৫৫৭২.১১

১০.অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত খরচ: (লক্ষ টাকা)

অর্থবছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থছাড়	প্রকৃতব্যয়
২০১৬-১৭	৮১৩২.০২	০.০০	০.০০	০.০০
২০১৭-১৮	১২১২.০০	১২১২.০০	১২১২.০০	১২১১.৯১
২০১৮-১৯	১৪২১১.২০	১৩২১০.০০	১৩২১০.০০	১২৯১৭.৫৭
২০১৯-২০	৪৯৪.৪৯	১৭৮৮.০০	১৭৮৮.০০	১৪৪২.৬১

১১. ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ সংক্রান্ত:

নামসহ প্যাকেজ / লট নং	অতিরিক্ত কার্যাদেশ প্রদানের তারিখ	কাজ সমাপ্তির তারিখ		অতিরিক্ত কার্যাদেশ প্রদানের যৌক্তিকতা (বিস্তারিত বিবরণ)
		চুক্তি অনুযায়ী	প্রকৃত	
Additional deliveries and repeat orders against Supply, Installation, Testing and Commissioning of Equipment and Software Services for Cyber Threat Detection and Response on Turn-Key Basis"	১০.০৬.২০১৯	০৯.০৯.২০১৯	২২.১২.২০১৯	প্রকল্প শেষে প্রয়োজনে পরবর্তী চাহিদা মেটানো এবং স্পেয়ার হিসাবে ব্যবহরের জন্য

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালক এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
১	২	৩	৪	৫	৬
ড. মোঃ রফিকুল মতিন	পরিচালক (আইসিটি), পরবর্তীতে জি.এম, টেলিযোগাযোগ অধিদপ্তর,	০১.০৬.২০১৭ হতে ৩১.১২.২০১৯	নিয়মিত	না	১

১৩. মূল ডিপিপি এবং প্রকৃত ব্যয়ের অংগভিত্তিক তুলনা: (লক্ষ ঢাকা)

অংঙ্গের নাম	মূল অনুমোদিত ডিপিপি		প্রকৃত ব্যয়		পার্থক্য	
	মোট	জিওবি	মোট	জিওবি	মোট	জিওবি
১	৪	৫	৮	৯	১০	১১
(ক) রাজস্ব						
সরবরাহ ও সেবা	৫২৩.১৯	৫২৩.১৯	৩২৩.১৫	৩২৩.১৫	২০০.০৪	২০০.০৪
মেরামত, রক্ষণাবেক্ষন ও পূর্ণবাসন	৯৩.২৪	৯৩.২৪	৮৫.১২	৮৫.১২	৮.১২	৮.১২
উপ-মোট (রাজস্ব)	৬১৬.৪৩	৬১৬.৪৩	৪০৮.২৭	৪০৮.২৭	২০৮.১৬	২০৮.১৬
(খ) মূলধন						
যন্ত্রপাতি (ইক্যুপমেন্টস)	১২৫৯২.৬৬	১২৫৯২.৬৬	১২৫৫৭.৮০	১২৫৫৭.৮০	৩৪.৮৬	৩৪.৮৬
গাড়ী, অফিস ইক্যুপমেন্ট ও স্থানীয় ক্রয়	৩০৯.৩৬	৩০৯.৩৬	২৯৮.৩৯	২৯৮.৩৯	১০.৯৭	১০.৯৭
নির্মাণকাজ	৬৯৬.৭৯	৬৯৬.৭৯	৬৬৫.৮৫	৬৬৫.৮৫	৩০.৯৪	৩০.৯৪
আমদানীশূল্ক ও ভ্যাট	১০১১.১৫	১০১১.১৫	৯৫০.৫৭	৯৫০.৫৭	৬০.৫৮	৬০.৫৮
ট্রান্সমিশনমিডিয়া, ব্রান্ডউইথ লিজ ও বৈদ্যুতিক ব্যয়	৬৯১.২২	৬৯১.২২	৬৯১.২২	৬৯১.২২	০.০০	০.০০
উপ-মোট (মূলধন)	১৫৩০১.১৮	১৫৩০১.১৮	১৫১৬৩.৮৩	১৫১৬৩.৮৩	১৩৭.৩৫	১৩৭.৩৫
(গ) ফিজিক্যালকনটিনজেন্সি	-	-	০.০০	০.০০		-
(ঘ) প্রাইস কনটিনজেন্সি	-	-	০.০০	০.০০		-
সর্বমোট (ক+খ+গ+ঘ)	১৫৯১৭.৬১	১৫৯১৭.৬১	১৫৫৭২.১১	১৫৫৭২.১১	৩৪৫.৫১	৩৪৫.৫১

১৪. ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য **:** প্রযোজ্য নয়।

১৫. ডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: মোট প্যাকেজ ১৯টি এর মধ্যে পণ্য প্যাকেজ ৯ টি, পূর্ত প্যাকেজ ৬ টি, সেবা প্যাকেজ ৪টি

প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৬. **পরিদর্শনকৃত এলাকা:** সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প এলাকা, তেজগাঁও, ঢাকা।

১৭. গত ২৫/০৮/২০২১ তারিখে জনাব এস, এম মাহবুবুল হক সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সেক্টর-৭ কর্তৃক ঢাকাস্থ তেজগাঁও এলাকায় টেলিযোগাযোগ অধিদপ্তরে অবস্থিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক (প্রাক্তন) ও বর্তমানে বিটিসিএল-এর চেয়ারম্যান জনাব মোঃ রফিকুল মতিন, টেলিযোগাযোগ অধিদপ্তরের

মহাপরিচালক ও অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সকলে সাথে প্রকল্প বাস্তবায়ন ও বর্তমান অবস্থা বিষয়ে আলোচনা হয়।

পূর্বে পরিদর্শন: মোঃ রফিকুল আলম, পরিচালক (উপসচিব) তাঃ ০৫/০৪/২০১৭ ও জনাব মোঃ এনামাল আহসান, উপপরিচালক তাঃ ১৮/১০/২০১৮

১৮. **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১৯. **সার্বিক মূল্যায়ন:** ডিপিপি অনুযায়ী প্রকল্প বাস্তবায়নকাল ডিসেম্বর ২০১৬ হতে মে ২০১৮ পর্যন্ত। প্রকল্পটি একনেক কর্তৃক ২৮/০৩/২০১৭ তারিখে অনুমোদন লাভ করে এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে ০৩/০৫/২০১৭ তারিখ প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। বিগত ০১/০৬/২০১৭ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়। প্রকৃতপক্ষে জুলাই ২০১৭ হতে প্রকল্পরে কার্যক্রম শুরু হয়। সে হিসেবে প্রকল্প অনুমোদন প্রশাসনিক অনুমোদন, প্রকল্প পরিচালক নিয়োগ ইত্যাদি কারনে প্রকল্প কার্যক্রম ৭ মাস পরে শুরু হয়েছে। মূল ডিপিপিতে পণ্য প্যাকেজে ৩টি, কার্য প্যাকেজে ১টি এবং সেবা প্যাকেজে ১টি প্যাকেজ ছিল। সে হিসেবে মোট ৫টি পাকেজ ছিল। অপরদিকে সংশোধিত ডিপিপিতে পণ্য প্যাকেজে ১৩টি, কার্য প্যাকেজে ৬টি এবং সেবা প্যাকেজে ৬টি প্যাকেজ হিসেবে মোট ২৫টি প্যাকেজ নির্ধারণ করা হয়। সে হিসাবে মূল বরাদ্দে চেয়ে সংশোধিত ডিপিপিতে ৯৬৫.২২ লক্ষ টাকা বৃদ্ধি পায়।

প্রকল্পটির অনুকুলে মূল বরাদ্দ ছিল ১৪৯৫২.৩৯ লক্ষ টাকা। পরর্বীতে প্রকল্পটি সংশোধিত আকারে ডিসেম্বর ২০১৬ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করে সংশোধিত বরাদ্দ ১৫৯১৭.৬১ লক্ষ টাকায় নির্ধারন করা হয়। প্রকল্প সমাপ্তি পরে প্রকৃত খরচ হয় ১৫৫৭২.১১ লক্ষ টাকা। সে হিসেবে প্রকল্পটি Cost Over run দাড়ায় ৪.১৪%। প্রকল্পটির বিপরীতে ৪টি গাড়ি ক্রয় করা হয়েছে। পূর্বে দুই তলা ভবনের সম্প্রসারণ করে ৩য় ও ৪র্থ তলা উর্দ্ধমুখী সম্প্রসারণ করা হয়েছে। সে সাথে রিনোভেশনের কাজ করা হয়েছে। এই কর্ম-সম্পাদানের নিমিত্ত বুয়েট হতে বিল্ডিং এর টেস্টিংপূর্বক ঝুঁকিমুক্ত করার জন্য দেয়াল ও ফাউন্ডেশনের Reteofitting সম্প্রসারনের কাজ করা হয়েছে। এই সাথে একটি লিফট সংযোগ করা হয়েছে। একটি সাব-স্টেশন জেনারেটর স্থাপন করা হয়েছে। অগ্নিনির্বাপক নিমিত্ত অত্যাধুনিক ফায়ার সিস্টেম স্থাপন করা হয়েছে। প্রকল্পের জন্য ক্রয়কৃত সকল যন্ত্রপাতি সচল অবস্থায় দেখা যায়। প্রকল্পের আওতায় আসবাবপত্র ও অন্যান্য যন্ত্রপাতিসমূহ সংগ্রহ করা হয়েছে। এই প্রকল্পে কোন জনবল নিয়োগ/আউটসোর্সিং করা হয়নি। প্রকল্প পরিচালকসহ সকল জনবল টেলিযোগাযোগ অধিদপ্তর হতে অতিরিক্ত দায়িত্বে কাজ করেছে। প্রকল্পের যন্ত্রপাতি ও যানবাহন এখনও টিওএন্ডইভুক্ত করা হয়নি। মন্ত্রণালয় হতে থোক বরাদ্দের মাধ্যমে প্রকল্প সমাপ্তির পর পরিচালনা করা হচ্ছে। সমাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বিদেশ প্রশিক্ষণ খাতে ডিপিপি ১৪ জনের সংস্থান ছিল সেখানে প্রকৃত প্রশিক্ষণার্থী হয় ১৬ জন। অপরদিকে স্থানীয় প্রশিক্ষণে ২০ জনের স্থানে ২২ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, বাংলাদেশ আর্মি ও LEA কর্তৃপক্ষের অনুরোধের প্রেক্ষিতে এবং প্রোগ্রামের সাথে সমন্বয়ের প্রয়োজনের অতিরিক্ত যে ২ জনকে যুক্ত করা হয়েছে সেখানে Contractor-এর সাথে চুক্তি অনুসারে অতিরিক্ত অর্থ ব্যয় না করে মূল বরাদ্দের মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সম্পাদন করা হয়েছে।

২০. **ক্রয় পর্যালোচনা:** সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প শীর্ষক এই প্রকল্পের সংশোধিত বরাদ্দ ছিল ১৫৯১৭.৬১ লক্ষ টাকা। এই প্রকল্পের আওতায় পণ্য প্যাকেজে ১৩টি, কার্য প্যাকেজে ৭টি এবং সেবা প্যাকেজে ৬টি প্যাকেজ হিসেবে মোট ২৬টি প্যাকেজ রয়েছে। এ প্রকল্পের সকল সিভিল কার্য ইজিপিতে সম্পন্ন হয়েছে অপরদিকে মালামাল ক্রয়সমূহ টেন্ডারের মাধ্যমে করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। পিপিআর-২০০৮ এর বিধান অনুসারে কারিগরি কমিটি, দরপত্র উন্মুক্ত কমিটি, মূল্যায়ন কমিটি গঠন করা হয়েছে। দেশীয় ও আন্তর্জাতিক দরপত্র বিজ্ঞপ্তি প্রধান প্রধান দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অপরদিকে দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়। এ প্রকল্পের আওতায় কারিগরি যন্ত্রপাতিসমূহ কমিটি কর্তৃক যাচাইপূর্বক স্থাপন করা হয়েছে মর্মে নথি দৃষ্টিতে দেখা যায়। প্রকল্পের আওতায় ৪টি

গাড়ী প্রগতী ইন্ডাস্ট্রিজ লি: হতে সংগ্রহ করা হয়েছে। ডিপিপিতে অন্তর্ভুক্ত ভবনটির ৫০ বছরের অধিক পুরাতন হওয়ায় ৩য় ও ৪র্থ তলায় উর্দ্ধমুখী সম্প্রসারনের কাজ ঝুঁকিমুক্ত করার জন্য BUET এর BRTC হতে ডিটেইল ইঞ্জিনিয়ারিং এসেসমেন্ট (ডিইএ) করা হয়। BUET এর পরামর্শ অনুযায়ী ভবনের Reteofitting কাজসমূহ রেনোভেশন যেমন জলছাদ, ফ্লোর টাইলস, দেয়াল মেরামত, ভিতর ও বাহির রং করাসহ আনুসাংগিক কাজ অন্তর্ভূক্ত করায় এখাতে ব্যয় বৃদ্ধি পেয়ে ১.১৭ কোটির স্থলে ৬.৪৭ কোটি টাকা ধরা হয়। প্রকল্পের আওতায় সংগৃহীত কারিগরি যন্ত্রপাতিসমূহ পরিক্ষাপূর্বক ৮ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক বুঝে নেয়া হয়েছে মর্মে দেখা যায়।

পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়ন বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
1. Package No. CTDR/2017-2018/GD1. প্রাক্কলিতমূল্য: ১২৫,৬৫,৩৪,০০০.০০ Supply, Installation, Testing and Commissioning of Equipment and Software Services for Cyber Threat Detection and Response on Turn-Key Basis.	ডিপিপি:২৬.১১.২০১৭ বাস্তবে: ২৮.১১.২০১৭	৩১.০৫.২০১৮খ্রিঃ ৯৯ কোটি ৭২লক্ষ	১৪.১২.২০১৮	১২.০৫.২০১৯	i) IIG/NIX এ যন্ত্রপাতি স্থাপনের নিমিত্ত জায়গা (space) ও বিদ্যুৎ (Power) সংযোগ পেতে বিলম্ব হওয়া ii) NOC ও IIG এর মধ্যকার Transmission Link যাহা ভাড়ার মাধ্যমে নেয়া হয়, তা NTTN Operator কর্তৃক ready করে দেয়াতে বিলম্ব হওয়া। iii) IIG/ NIX কর্তৃক তাদের ট্রাফিক Link সমূহ স্থাপিত System এ সংযোগ প্রদানে বিলম্ব করা।
2. Package No. CTDR/2018-19/GD4. প্রাক্কলিত মূল্য: ৯,৩০,০০,০০০.০০ Supply Installation, Testing and Commissioning of Digital Certificate Management Infrastructure (DCMI) and Procurement of Trusted Certificate on Turn-key basis	ডিপিপি:২৯.১২.২০১৮ বাস্তবে: ২৪.১২.২০১৮	১৮.০৪.২০১৯খ্রিঃ ৮ কোটি ৯৫ লক্ষ	১৭.০৭.২০১৯	২০.১০.২০১৯	IIG/NIX কর্তৃক নতুন PoP স্থাপন করা এবং নতুন Link সমূহ স্থাপিত System এ অন্তর্ভূক্তিকরণে অধিক সময় প্রয়োজন হওয়া।

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়ন বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
3. Package No. CTDRP/2018-19/GD4/A প্রাক্কলিত মূল্য: ১৫.০০ কোটি Additional deliveries and repeat orders against Supply, Installation, Testing and Commissioning of Equipment and Software Services for Cyber Threat Detection and Response on Turn-Key Basis”	ডিপিপি: ডিসেম্বর ২০১৮ বাস্তবে: ২৮.০৪.২০১৯	১০.০৬.২০১৯খ্রিঃ ৮ কোটি ৮৪ লক্ষ	০৯.০৯.২০১৯	২২.১২.২০১৯	i) বিদেশ হতে মালামাল আমদানী ও খালাশে সময় কিছুটা বেশী লাগায়। ii) IIG/ NIX কর্তৃক তাদের ট্রাফিক Link সমূহ স্থাপিত System এ সংযোগ প্রদানে কিছুটা বিলম্ব হওয়ায়।
4. Package No. CTDR/2019-20/GD10. প্রাক্কলিত মূল্য: লট-১ টাকা: ৪,০০,০০,০০০.০০ লট-২ টাকা: ২,২০,০০,০০০.০০ মোট টাকা: ৬.২০ কোটি Supply & Testing of Hardware and Patch Cord, SFPs and Other Accessories for Cyber Threat Detection and Response System	ডিপিপি: ডিসেম্বর’২০১৮ বাস্তবে: ৩০.১০.২০১৯	০২.১২.২০১৯খ্রিঃ (লট-১): ৩কোটি ৯৩ লক্ষ (লট-২): ২কোটি ১৬ লক্ষ মোট: ৬.০৯ কোটি	১৭.১২.২০১৯	২৬.১২.২০১৯	বিদেশ হতে মালামাল আমদানী ও খালাশে সময় সামান্য কিছুটা বেশী লাগায়
5. ackage No. CTDR/2018-19/WD1/eGP প্রাক্কলিত মূল্য: ৪,৬১,৭৯,০০০.০০ Construction of 2nd and 3rd Floors Vertical	ডিপিপি: জানু: ২০১৯ বাস্তবে:০৬.০৫.২০১৯	০৩.০৬.২০১৯ খ্রিঃ ৪ কোটি ৪২ লক্ষ	১০.১২.২০১৯	৩০.১২.২০১৯	BUET হতে design পেতে কিছু সময় বেশী লাগায়

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়ন বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
Extension of Northern Part of the Existing DoT Office Building along with Renovation and Ancillary Works					
6. Package No. CTDRP/2017-18/GD4/3 প্রাক্কলিত মূল্য: ১০,০০,০০০.০০ Supply, Installation, Testing and Commissioning of 10 KW Grid Tie Solar Power Plant for Cyber Threat Detection and Response Project	ডিপিপি: ৮মে ২০১৮ বাস্তবে: ০৯ মে ২০১৮	০৩.০৭.২০১৮ ৮লক্ষ২৮হাজার	৩০.০৯.২০১৮	০৫.০৯.২০১৮	---
7. Package No. CTDRP/2017-18/GD4/2 প্রাক্কলিত মূল্য: ২৫,০০,০০০.০০ Supply, Installation, Testing and Commissioning of 125 KVA Continuous Rating Diesel Engine Generator set and related Goods and Services	ডিপিপি:আগষ্ট' ২০১৮ বাস্তবে: ১৯.০৩.২০১৮	২৮.০৫.২০১৮ ২০লক্ষ৯হাজার	২২.০৭.২০১৮	১৯.০৩.২০১৯	সরবরাহকারী কর্তৃক বিদেশ হতে আমদানী ও খালাশ করতে সময় বেশী লাগায়।
8. Package No. CTDRP/2017-18/GD4/1 প্রাক্কলিত মূল্য: ৪৫,০০,০০০.০০ Supply, Installation, Testing and Commissioning of 250 KVA Substation and Related Works and Services for Cyber Threat Detection and Response Project	ডিপিপি: ৮মে ২০১৮ বাস্তবে:৩০.০৫.২০১৮	২৫.০৭.২০১৮ ৩৬লক্ষ৬৮হাজার	২২.০৭.২০১৮	১৮.০৩.২০১৯	DPDC হতে নতুন করে বিদ্যুতের লোড বৃদ্ধির অনুমতি পেতে সময় বেশী লাগায়
9. Package No.	ডিপিপি:২৯.০৮	০৮.০৫.২০	২২.০৬.২	২৮.১০.২	বিদেশ থেকে Fire

প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য	ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়ন বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
CTDR/2018-19/GD6/1 প্রাক্কলিত মূল্য: ২,২০,০০০.০০ Supply, Installation, Testing and Commissioning of Multimedia, CC Camera, Air Conditioner, Public Addressing System and Ancillary	.২০১৭ বাস্তবে: ২১.০৩.২০১৯	১৯ খ্রিঃ ৭১ লক্ষ ২১ হাজার	০১৯	০১৯	Fighting System আনয়ন করতে ও মালামাল খালাসে সময় বেশী লাগায়
10. Package No. CTDR/2018-19/WD3/1 প্রাক্কলিত মূল্য: ৩৬,০০,০০০.০০ Renovation and Ancillary Work for Existing Conference Room of DoT	ডিপিপি:জানু:'২০১৯. বাস্তবে: ১৯.০২.২০১৯	০৩.০৪.২০১৯ ২৯ লক্ষ ৭ হাজার	২৭.০৫.২০১৯	১৮.১২.২০১৯	পরামর্শক কর্তৃক design সরবরাহে সময় প্রয়োজন হওয়ায়
11. Package No. CTDR/2018-19/GD9/1 প্রাক্কলিত মূল্য: ৫৫,০০,০০০.০০ Supply of office equipment & stationeries	ডিপিপি:৩০.১১.২০১৮ বাস্তবে:২৩.০৫.২০১৯	১৬.০৬.২০১৯ ৩৬ লক্ষ ৪২ হাজার	৩০.০৬.২০১৯	১৮.০৬.২০১৯	---

২১. **সাইট বহি/পরিদর্শন বহি:** প্রকল্প পরিদর্শনকালে সাইট বহি/পরিদর্শন বহি দেখা যায়নি। তবে ভবনের ৩য় ও ৪র্থ তলা এবং সামনের অংশে রিনোভেশন কাজে প্রকল্পের আওতায় প্রকল্প অফিস হতে সার্বক্ষণিক পরিদর্শন ও মনিটরিং করা হয়েছে মর্মে জানানো হয়। তাছাড়া কার্যসম্পাদন শেষে টেলিযোগাযোগ অধিদপ্তরের নিকট ভবনের সমস্থ কিছু হস্তান্তর করা হয়। সে ক্ষেত্রে একটি পরিদর্শন/সাইট বহি সংরক্ষণ করা প্রয়োজন ছিল।

২২. **অগ্নিনির্বাপক ব্যবস্থা:** এ প্রকল্পের আওতায় অত্যন্ত মূল্যবান যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। এই যন্ত্রপাতিসমূহ নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রকল্প দলিলে অগ্নিনির্বাপকের সংস্থান ছিল। পরিদর্শনকালে অগ্নিনির্বাপনের নিমিত্ত প্রকল্প হতে অটোফায়ার সার্ভিস সিস্টেম সংযোগ করা হয়েছে। এটি একটি সময় উপযোগী ব্যবস্থা নেয়া হয়েছে। তাছাড়া পানি রিজার্ভার ব্যবস্থা রাখা হয়েছে। এই ব্যবস্থাটি সরকারি সম্পত্তি রক্ষার্থে একটি উপযোগী ব্যবস্থা। অগ্নিনিরাপত্তার স্বার্থে সরকারি প্রতিষ্ঠানে পূর্নাংগ ফায়ার সেফটি প্ল্যান বিষয়ে গত ২৬ জারুয়ারি ২০২১ তারিখে স্বারাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ হতে জারিকৃত নির্দেশনা প্রতিপালনের ব্যবস্থা নেয়া প্রয়োজন।

২৩. **যানবাহন সর্ম্পকিত তথ্য:** প্রকল্পের আওতায় ২টি জীপ, ১টি মাইক্রোবাস, ১টি পিক-আপ ক্রয় করা হয়েছে। প্রকল্প সমাপ্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে কেন্দ্রীয় পরিবহন পুলে জমা করার বিধান আছে। অপরদিকে প্রকল্প সমাপ্তির পর

প্রকল্পের কাজ পর্যবেক্ষণের নিমিত্তে গাড়ি টেলিযোগাযোগ অধিদপ্তরে হস্তান্তর করা হবে মর্মে উল্লেখপুর্বক ডিপিপিতে বলা হয়েছে। টেলিযোগাযোগ অধিদপ্তরের গাড়ীসমূহের রক্ষণাবেক্ষণ ব্যয় বহন করবে। এ দিকে টেলিযোগাযোগ অধিদপ্তরে প্রকল্প হতে প্রাপ্ত ৪টি গাড়ী টিওএন্ডইভুক্ত করার ব্যবস্থা নেয়ার জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে গত ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে পত্র দেয়া হয়েছে। প্রাপ্ত তথ্য মতে এ বিষয়ে এখনও কার্যকরি কোন ব্যবস্থ নেয়া হয়নি মর্মে জানা যায়। তবে গাড়ীসমূহ দ্রুত টিওএন্ডইভুক্ত করার ব্যবস্থা নেয়া প্রয়োজন।

২৪. **সম্পদ বহি:** প্রকল্পের আওতায় সকল টেকনিক্যাল যন্ত্রপাতি ও আসবাবপত্রের সংখ্যা, মডেল ও কোন অবস্থায় আছে সে বিষয়ে একটি সম্পদ বহি সংরক্ষণ করা হয়। ভবিষ্যতে যন্ত্রপাতিরসমূহে অবস্থান নিশ্চিত করার নিম্নিত্ত এই হিসাব বহির একটি কপি প্রশাসনিক দপ্তরে সংরক্ষণের জন্য প্রেরণ করা প্রয়োজন।

২৫. **মালামাল হস্তান্তর:** সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্পের আওতায় সংগৃহীত, সংস্থাপিত, ক্রয়কৃত সকল মালামাল, যন্ত্রপাতি, সিস্টেম টেলিযোগাযোগ অধিদপ্তরের নিকট হস্তান্তর করা হয়েছে। অপরদিকে কতিপয় স্টেশনারী, অফিস ইকুপমেন্ট ও ফার্নিচার প্রকল্পের PCR জারীর পর হস্তান্তর করা হবে মর্মে পত্রে উল্লেখ আছে। যেহেতু PCR দাখিল করা হয়েছে সেহেতু মালামালসমূহ হস্তান্তর করে তার তথ্য আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন।

২৬. **সয়েল টেস্ট:** পুরাতন ও দীর্ঘ প্রায় ৫০ বছরের অধীক হওয়ায় BUET-এর পরামর্শ অনুসারে ভবনের ডিটেইলড ইঞ্জিনিয়ারিং এসেসমেন্ট (ডিইএ) করা হয়। সে অনুসারে সয়েল টেস্ট করানো হয়েছে।

২৭. **জনবল:** মূল ডিপিপিতে এই প্রকল্পের জনবল ৬ জন ধরা হয়েছিল। সকলেই টেলিযোগাযোগ অধিদপ্তর হতে অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ছিল। পরর্বীতে প্রকল্প সংশোধনের সময় জনবল সংখ্যা মোট ২০ জন বাড়ানো হয়। প্রকল্প পরিচালক জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের জনবল দিয়ে এই ব্যবস্থা চালু রাখা যাবে। প্রয়োজনের তাগিদে কারিগরি সম্পন্ন জনবল নিয়োগ করা যাবে মর্মে জানানো হয়।

২৮. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

সময়	অডিট প্রতিবেদন দাখিলের সময়	প্রধান প্রধান ফাইন্ডিংস	আপত্তি নিষ্পত্তির অবস্থা
২০১৮-১৯	৩১.১২.২০১৯ এবং ০১.০১.২০২০	• প্রযোজ্য হারে আয়কর কর্তন না করায় সরকারের৫৩,৯৯০/- টাকা রাজস্ব ক্ষতি। • প্রযোজ্য হারে ভ্যাট কর্তন না করায় সরকারেরভ্যাট: ৬৩,৭৫৩/- টাকা রাজস্ব ক্ষতি।	আপত্তিকৃত টাকা আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। আপত্তিটি নিষ্পত্তি করা হয়েছে।
২০১৯-২০২০	--	---	এখনও অডিট হয়নি।

২৯. পিআইসি/স্টিয়ারিং সভা সংক্রান্ত:

২৯.১ পিআইসি:

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংখ্যা	অনুষ্ঠিত স্টিয়ারিং সভা	মন্তব্য
২০১৭-১৮	৪	১	ডিপিপিতে উল্লেখ্য ToR অনুসারে প্রকল্প বাস্তবায়নের সময়কালীন ৪টি সভা করা হয়নি। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে নিয়মিত সভা করা আবশ্যক ছিল।
২০১৮-১৯	৪	৪	
২০১৯-২০	২	১	
মোট	১০	৬ টি	

২৯.২ স্টিয়ারিং:

অর্থবছর	ডিপিপি অনুযায়ী সংখ্যা	অনুষ্ঠিত স্টিয়ারিংসভা	মন্তব্য
২০১৭-১৮	৬	২	ডিপিপিতে উল্লেখ্য ToR অনুসারে প্রকল্প বাস্তবায়নের সময়কালীন ৫টি সভা করা হয়নি। প্রকল্প বাস্তবায়নের স্বার্থে নিয়মিত সভা করা আবশ্যক ছিল।
২০১৮-১৯	৪	৪	
২০১৯-২০	২	১	
মোট	১২	৭	

সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা সংক্রান্ত:

সভারতারিখ	সিদ্ধান্ত	বাস্তবায়নঅগ্রগতি
০৬.১০.২০১৯	• এডিপিতে বরাদ্দকৃত অর্থের শতভাগ মানসম্মত ব্যবহার নিশ্চিত করে নির্ধরিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে হবে; • আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ প্রকল্পের মেয়াদ শেষে যথাসময়ে Project completion Report (PCR) জমা দিতে হবে; • প্রকল্প বিষয়ে জনসচেতনা তৈরীতে সেমিনার/কনফারেন্স এর রোড ম্যাপ প্রণয়ন করে সে অনুযাটী কাজ করতে হবে এবং এ বিভাগকে অবহিত রাখতে হবে; • প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করে বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে নিয়মিতভাবে এ বিভাগে প্রেরন করতে হবে; • অযৌক্তিক ব্যয় বৃদ্ধি অথবা সময় বৃদ্ধি ব্যতিরেকে নির্ধরিত সময়ে প্রকল্প কার্যক্রম সমাপ্তকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। • প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিশ্লেষনে প্রকৃত বাজার মূল্যের সাথে অসংগতিপূর্ণ ব্যয় নির্ধরণ যাচাইক্রমে প্রযোজ্য ক্ষেত্রে প্রকৃত ব্যয় নির্ধারণ ও ক্রয়কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে; • প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে নিয়মিত ভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং প্রকল্প ষ্টিয়ারিং কমিটির সভা করতে হবে।	➢ অনুসরন করা হয়েছে। ➢ যথাসময়ে PCR জমা দেয়া হয়েছে ➢ কাজ করা হয়েছে। ➢ প্রেরণ করা হয়। ➢ করা হয়েছে। ➢ মূল্য যাচাই করা হয়েছে। ➢ যথাসম্ভব সভা করা হয়েছে।

৩০. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
➢ দেশের চালু ৩১টি IIG ও ৩টি NIX- এ সাইবার থ্রেট ডিটেকশন ও রেসপন্স সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন; ➢ টেলিযোগাযোগ অধিদপ্তরে Central Control Systemস্থাপন; ➢ আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ (LEA's), গোয়েন্দা সংস্থাএবং	স্থাপন করা হয়েছে।

	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ BTRC-কে Monitoring এর সুবিধা প্রদান; ➢ সাইবার থ্রেট ডিটেকশন ও রেসপন্স সংক্রান্ত ফিল্ডে দক্ষ জনবল তৈরীর জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা।	করা হয়েছে। করা হচ্ছে। প্রদান করা হয়েছে

৩১. সমস্যা ও অসুবিধা: বিটিআরসি'র অনুরোধ ও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা মোতাবেক বিভিন্ন website/linkব্লক করার কার্যক্রম পরিচালিত হয়। তবে ডিসেম্বর ২০১৯ এ যন্ত্রপাতি/সিস্টেম চালু করে হস্তান্তর করার পর covid-19 পরিস্থিতিসহ বাস্তব অবস্থার প্রেক্ষিতে সারাদেশে ইন্টারনেট ব্যান্ডউইথ প্রায় দ্বিগুন পরিমান বৃদ্ধি প্রাপ্ত হওয়ায় বর্তমানে সিস্টেমের ধারণ ক্ষমতা বৃদ্ধি করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সে প্রেক্ষিতে রাজস্ব খাতে সিটিডিআর সিস্টেমের স্থায়ী বরাদ্দ না হওয়া পর্যন্ত সিস্টেমটি চলমান রাখার স্বার্থে বর্ধিত ব্যান্ডইউথ সিস্টেমে আনয়ন করা অত্যন্ত জরুরি। রাষ্ট্র ও সরকার বিরোধী, জঙ্গি, পর্ণগ্রাফি, জুয়া, প্রভৃতি বিষয়ে পরিপূর্ণভাবে ফিল্টার/ব্লকিং/নিয়ন্ত্রন করার জন্য প্রকল্পের মাধ্যমে স্থাপিত সিস্টেমের সম্প্রসারণ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন মর্মে জানানো হয়।

৩২. সুবিধাপ্রাপ্তি: সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প বাস্তবায়নের ফলে সামজিক অবক্ষয়, রাষ্ট্রবিরোধী কর্মকান্ড ও অনৈতিক কর্মকান্ড নিয়ন্ত্রন মাধ্যমে সমাজের সমন্বয় সাধন সম্ভব হয়েছে যার সুবিধা এ দেশের নাগরিকগণ পাচ্ছে । এই ব্যবস্থার ফলে রাষ্ট্রের নিরাপত্তা ঝুঁকি অনেকাংশে হ্রাস পেয়েছে মর্মে প্রতিয়মান হয়। প্রকল্পের মাধ্যমে স্থাপিত CTDR সিস্টেমের মাধ্যমে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নির্দেশনা মোতাবেক পর্নোগ্রাফি, জঙ্গিবাদ ও দেশবিরোধী অপপ্রচারে ব্যবহৃত সাইটসমূহ টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক বন্ধ করা হয়। পাশাপাশি পর্নোগ্রাফি ও বেটিং সাইটসমূহ টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক বন্ধ করা হয়। এ পর্যন্ত ২৩ হাজারের অধিক সংখ্যা চনোর্গ্রাফি, জঙ্গিবাদ ও দেশ বিরোধী অপপ্রচারে ব্যবহৃত সাইটসমূহ টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক স্থাপিত যন্ত্রপাতির মাধ্যমে বন্ধ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। তা ছাড়া প্রতিনিয়ত BTRC'র নির্দেশনায় বিভিন্ন Link ও সাইট বন্ধ করার কার্যক্রম চলমান রয়েছে বলেও জানানো হয়।

৩৩. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:





৩৪. **মন্তব্য/সুপারিশ:**

৩৪.১। প্রকল্পের আওতায় গৃহীত যন্ত্রপাতি ও ৪টি গাড়ীসমূহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৮ জানুয়ারি ২০০৬ এ জারিকৃত পরিপত্র অনুসরনপূর্বক টিওএন্ডইভুক্ত করার দ্রুত ব্যবস্থা নিতে হবে। গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে অবহিত করতে হবে।

৩৪.২। ২০১৯-২০২০ অর্থবছরের অডিট দ্রুত সম্পাদন করার ব্যবস্থা নিতে প্রকল্প পরিচালক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষন করা হলো।

৩৪.৩। প্রকল্পের আওতায় সংগৃহীত মালামাল, যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদির সকল সম্পত্তি টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্পদ বহিতে লিপিবদ্ধ করতে হবে।

৩৪.৪। অগ্নিনিরাপত্তার স্বার্থে পূর্নাংগ ফায়ার সেফটি প্ল্যান বিষয়ে গত ২৬ জারুয়ারি ২০২১ তারিখে স্বারাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ হতে জারিকৃত নির্দেশনা প্রতিপালনের ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করা হলো।

৩৪.৫। উপযুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/ সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।